

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৪, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১১ মাঘ, ১৪২২/২৪ জানুয়ারি, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১১ মাঘ, ১৪২২/২৪ জানুয়ারি, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত  
হইয়াছে:—

বা. জা. স. বিল নং ০১/২০১৬

**Speaker and Deputy Speaker (Remuneration and Privileges) Act,  
1974 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Speaker and Deputy Speaker (Remuneration and Privileges) Act, 1974 (Act No. XL VIII of 1974) এর অধিকতর সংশোধন সমীচীন ও  
প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Speaker and Deputy Speaker (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

(ক) ধারা ২, ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) অন্যান্য ধারাসমূহ ১ জুলাই, ২০১৬ তারিখ হইতে কার্যকর হইবে।

( ৮১৯ )  
মূল্য : টাকা ৮.০০

**২। Act No. XLVIII of 1974** এর section 3 এর সংশোধন।—Speaker and Deputy Speaker (Remuneration and Privileges) Act, 1974 (Act No. XLVIII of 1974), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 এর “fifty seven thousand and two hundred” শব্দগুলির পরিবর্তে “one lakh and twelve thousand” এবং “fifty three thousand and one hundred” শব্দগুলির পরিবর্তে “one lakh and five thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**৩। Act No. XLVIII of 1974** এর section 4 এর সংশোধন।—উক্ত Act এর section 4 এর “8,000” সংখ্যা ও কমার পরিবর্তে “13,000” সংখ্যা ও কমা এবং “6,000” সংখ্যা ও কমার পরিবর্তে “10,000” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

**৪। Act No. XLVIII of 1974** এর section 6 এর সংশোধন।—উক্ত Act এর section 6 এর sub-section (1) এর “10,00,000” সংখ্যা ও কমাগুলির পরিবর্তে “16,00,000” সংখ্যা ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

**৫। Act No. XLVIII of 1974** এর section 7 এর প্রতিস্থাপন।—উক্ত Act এর section 7 এর—

- (ক) clause (a) এর “10,00,000” সংখ্যা ও কমাগুলির পরিবর্তে “11,00,000” সংখ্যা ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) clause (b) এর “8,00,000” সংখ্যা ও কমাগুলির পরিবর্তে “10,00,000” সংখ্যা ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

### উদ্দেশ্য ও কারণ-সম্বলিত বিবৃতি

স্পীকার ও ডেপুটি স্পীকারের বেতন, ভাতা, পারিতোষিক, বিশেষ অধিকার, ইত্যাদি Speaker and Deputy Speaker (Remuneration and Privileges) Act, 1974 দ্বারা নির্ধারিত হয়ে থাকে। জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি, মূল্যস্ফীতি এবং দেশের আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটসহ সরকারি কর্মচারীদের জন্য ৮ম জাতীয় বেতন ক্ষেল ঘোষণা করার কারণে স্পীকার ও ডেপুটি স্পীকারের জন্য সময়োপযোগী বেতন-ভাতাদি নির্ধারণ করা আবশ্যিক। সে লক্ষ্যে স্পীকারের বেতন ৫৭,২০০ টাকা হতে বৃদ্ধি করে ১,১২,০০০ টাকা; ব্যয় নিয়ামক ভাতা ৮,০০০ টাকা হতে বৃদ্ধি করে ১৩,০০০ টাকা; বিমানযোগে ভ্রমণকালে বীমা কভারেজ ১০,০০,০০০ টাকা হতে বৃদ্ধি করে ১৬,০০,০০০ টাকা; দৈনিক ভাতা ১,০০০ টাকা হতে বৃদ্ধি করে ৩,০০০ টাকা এবং স্বেচ্ছাধীন তহবিল ১০,০০,০০০ টাকা হতে বৃদ্ধি করে ১১,০০,০০০ টাকা করার প্রস্তাব করা হয়েছে। ডেপুটি স্পীকারের বেতন ৫৩,১০০ টাকা হতে বৃদ্ধি করে ১,০৫,০০০ টাকা; ব্যয় নিয়ামক ভাতা ৬,০০০ টাকা হতে বৃদ্ধি

করে ১০,০০০ টাকা; বিমানযোগে ভ্রমণকালে বীমা কভারেজ ৫,০০,০০০ টাকা হতে বৃদ্ধি করে ৮,০০,০০০ টাকা; দৈনিক ভাতা ৭৫০ টাকা হতে বৃদ্ধি করে ২,০০০ টাকা এবং ষ্টেচার্থীন তহবিল ৮,০০,০০০ টাকা হতে বৃদ্ধি করে ১০,০০,০০০ টাকা করার প্রস্তাব করা হয়েছে। স্পীকার ও ডেপুটি স্পীকারের বেতন-ভাতাদি বৃদ্ধির লক্ষ্যে উক্ত Act সংশাধন করা প্রয়োজন।

২। উক্ত উদ্দেশ্য পূরণকল্পে, Speaker and Deputy Speaker (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 শীর্ষক বিল মহান জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

আনিসুল হক  
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

ড. মোঃ আব্দুর রব হাওলাদার  
সচিব।